*মূলশব্দাবলীঃ*
*রমযান*
*দোয়া করা*
*ক্ষমা করা*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**20 March 2026 / 30 Ramadan 1447H**

**<u>রমযানের শেষ প্রহরে আত্মসমীক্ষা ও আমাদের প্রত্যাশা</u>**

**الْحَمْدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِلْإِسْلَامِ، وَوَفَّقَنَا لِإِدْرَاكِ شَهْرِ الصِّيَامِ وَالْقِيَامِ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْمَلِكُ الْعَلَّامُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ سَيِّدُ الْأَنَامِ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ خَيْرِ مَنْ صَلَّى وَصَامَ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ الْكِرَامِ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللَّهِ، اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ.**

**যুমরাতুল মুমিনিন রাহমাকুমুল্লাহ,**

আসুন আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি আমাদের ইবাদত ও আনুগত্য আরও সুদৃঢ় করতে থাকি। তাঁর সকল নির্দেশ যথাযথভাবে পালন করি এবং তিনি যা নিষিদ্ধ করেছেন তা থেকে বিরত থাকি। বিশেষ করে রমযানের এই শেষ দিনে আমরা যেন আমাদের মনোযোগ আল্লাহর দিকেই নিবদ্ধ রাখি।

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের সিয়াম, আমাদের সালাত, আমাদের কুরআন তিলাওয়াত এবং অন্যান্য সকল ইবাদত কবুল করুন। আমীন, ইয়া রব্বাল আ'লামীন।

**আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,**

রমযান এখন সমাপ্তির দ্বারপ্রান্তে। বিদায় নেওয়ার আগে আর মাত্র কয়েকটি মুহূর্ত অবশিষ্ট আছে। যারা এই মাসজুড়ে নেক আমল করার জন্য নিরলস চেষ্টা করেছেন, তারা যেন সেই প্রচেষ্টা অব্যাহত রাখেন এবং রমযানের এই শেষ মুহূর্তগুলোও একই আত্মিক চেতনায় পূর্ণ করেন। আর যারা মনে করেন যে ইবাদতে কিছুটা পিছিয়ে পড়েছেন, তারা যেন নিরাশ না হন; এখনও অল্প সময় বাকি আছে—যার মাধ্যমে আমরা আমাদের আমলগুলোকে আরও সুন্দর করে তুলতে পারি।

আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি আমাদের স্মরণ করিয়ে দেননি—ইমাম বুখারী (রহ.) বর্ণিত একটি হাদীসে—যে প্রত্যেক আমলের মূল্যায়ন তার পরিণতির উপর নির্ভর করে?

**প্রিয় ভাইয়েরা,**

আলহামদুলিল্লাহ, আমরা প্রায় এক মাসব্যাপী রমযানের সিয়াম সাধনা সম্পন্ন করার দ্বারপ্রান্তে পৌঁছে গেছি। আমাদের অনেকেই রাতের নামাজ আদায় করেছি, কুরআন তিলাওয়াত করেছি, দোয়া বৃদ্ধি করেছি, যাকাত আদায় করেছি, দান-সদকা করেছি এবং আরও বহু সৎকর্মে নিজেকে নিয়োজিত রেখেছি।

রমযানের শেষে কেউ কেউ হয়তো প্রশ্ন করতে পারেন: এখন আমরা আর কী করতে পারি?

এখানেই খুতবা আমাদের সবাইকে আহ্বান জানায়—রমযানজুড়ে আমাদের আমলগুলোর গুণগত মান নিয়ে গভীরভাবে চিন্তা ও আত্মসমালোচনা করতে। বর্ণিত আছে যে, নেককার লোকেরা যখন তাদের ইবাদত সম্পন্ন করতেন, তখন তারা গভীর উদ্বেগে আক্রান্ত হতেন—এই ভেবে যে, তাদের আমলগুলো সত্যিই আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলার কাছে কবুল হয়েছে কি না।

তাহলে আমরা কতটা নিশ্চিত যে, রমযানজুড়ে আমরা যে আমল করার চেষ্টা করেছি তা আল্লাহর কাছে কবুল হওয়ার উপযুক্ত? যদি আগামী বছর রমযান পাওয়ার সুযোগ আমাদের না দেওয়া হয়, তবে এখন পর্যন্ত আমাদের এই আমলগুলো কি আমাদের জন্য যথেষ্ট পাথেয় হবে?

**প্রিয় ভাইয়েরা,**

এই খুতবার উদ্দেশ্য কোনোভাবেই ইতোমধ্যে সম্পন্ন করা ইবাদতকে তুচ্ছ করা নয়। বরং এর উদ্দেশ্য হলো—রমযানের অবশিষ্ট সময়টুকু যেন আমরা সর্বোত্তমভাবে কাজে লাগাতে পারি। এই বরকতময় মাসে প্রতিটি মুমিনের অন্যতম লক্ষ্য হওয়া উচিত আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার ক্ষমা লাভ করা।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:
"ধ্বংস সেই ব্যক্তির জন্য, যে রমযান মাস পেয়েও ক্ষমা প্রাপ্ত হতে পারল না।" (তিরমিযী)

হ্যাঁ, **প্রিয় ভাইয়েরা,** সুতরাং, আমরা যদি ইতোমধ্যে কুরআন তিলাওয়াত সম্পন্ন করে থাকি, তারাবির নামাজের সুযোগ যদি এখন শেষ হয়ে গিয়ে থাকে, এবং সময় দ্রুত অতিবাহিত হলেও—ইবাদতের একটি দরজা এখনো সবার জন্য উন্মুক্ত রয়েছে; যে কেউ চাইলে সেই দরজায় প্রবেশ করতে পারে। আর সেটি হলো **দোয়া ও মুনাজাতের দরজা**।

হ্যাঁ, প্রিয় ভাইয়েরা—দোয়া করা, আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমত ও ক্ষমা প্রার্থনা করা।

একজন মুমিনের জীবনে দোয়ার গুরুত্ব কত মহান—তা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সূরা আল-ফুরকান, আয়াত ৭৭-এ বলেছেন:

قُلْ مَا يَعْبَؤُا۟ بِكُمْ رَبِّى لَوْلَا دُعَآؤُكُمْ ۖ فَقَدْ كَذَّبْتُمْ
فَسَوْفَ يَكُونُ لِزَامًۢا ﴿٧٧﴾

অর্থাৎ:

“‘বলুন, ‘তোমাদের দোয়া না থাকলে আমার প্রতিপালক তোমাদের প্রতি কোনো পরোয়া করতেন না। কিন্তু তোমরা তো অস্বীকার করেছ; সুতরাং শাস্তি অবশ্যই তোমাদের উপর অবতীর্ণ হবে।’’’

সুতরাং, হে আমার ভাইয়েরা, যদিও আমরা এখন রমযানের শেষ মুহূর্তগুলোতে অবস্থান করছি, এবং এর সর্বোচ্চ মর্যাদার রাত—লাইলাতুল কদর—সম্ভবত ইতোমধ্যেই অতিক্রান্ত হয়ে গেছে, তবুও অবশিষ্ট সময়টুকুকে আমরা সর্বোত্তমভাবে কাজে লাগাই। আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলার নিকট প্রার্থনা করি যেন তিনি আমাদের আমলগুলো কবুল করেন এবং আমাদের ক্ষমা দান করেন।

ইমাম হাসান আল-বাসরী (রহ.) একবার উপদেশ দিয়েছিলেন:
“‘ক্ষমা প্রার্থনা বেশী করে  করো; কারণ তুমি জানো না কোন মুহূর্তে আল্লাহর রহমত অবতীর্ণ হবে।’’

সম্ভবত—আর আল্লাহই ভালো জানেন—রমযানজুড়ে আমরা যে সব আমল করেছি, তার মধ্যে সবচেয়ে আন্তরিক, সবচেয়ে হৃদয়স্পর্শী এবং আল্লাহর কাছে সবচেয়ে মূল্যবান হতে পারে এই বরকতময় মাসের শেষ মুহূর্তগুলোতে আমাদের সেই দোয়া, যা আমরা আন্তরিকভাবে তাঁর কাছে তুলে ধরছি।

## হে আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলা,

আমরা এখানে আমাদের অন্তরকে বিনম্র করে এবং আশাকে আপনার দিকেই নিবদ্ধ করে উপস্থিত হয়েছি। আমাদের আমল সামান্য, আর আমাদের ত্রুটি-বিচ্যুতি অগণিত। তবুও আমরা আপনার উদারতা ছাড়া অন্য কারও দিকে ফিরে যাই না। আমাদের আমল, আমাদের সিয়াম, আমাদের সালাত এবং আমাদের সকল ইবাদত আপনি কবুল করে নিন। নিশ্চয়ই আপনি পরম দয়ালু, পরম করুণাময়।

**হে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা,**

আপনি আমাদের ওপর অসংখ্য নিয়ামত বর্ষণ করেছেন, অগণিত সুযোগ দান করেছেন। অথচ আপনার প্রতি আমাদের কৃতজ্ঞতা খুবই সামান্য। আপনার সামনে আমাদের গুনাহ ও ভুলত্রুটি অগণিত। আপনার নির্দেশ মান্য করতে গিয়ে আমরা বহুবার ব্যর্থ হয়েছি। সুতরাং, হে আল্লাহ, আমাদের অবস্থা সংশোধন করে দিন। আমাদের দ্বীনের বিষয়গুলোকে সংশোধন করে দিন। আমাদের দুনিয়ার বিষয়গুলোকে সংশোধন করে দিন। আর আখিরাতে—যখন আমরা আপনার মহিমা ও বিচারকের সামনে উপস্থিত হব—সেই অবস্থাকেও আপনি সংশোধন করে দিন।

**হে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা,**

শুধুমাত্র আপনার কাছেই আমরা দোয়া করি। কেবল আপনার কাছেই সাহায্য ও সহায়তা প্রার্থনা করি। যদি আপনার রহমত না চাই, তবে কার রহমত আমাদের উপকার করতে পারে, হে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা? যদি আপনার ক্ষমা না কামনা করি, তবে কার ক্ষমা আমাদের গুনাহ ও অপরাধ মুছে দিতে পারে, হে আল্লাহ? যদি এই রমযান মাসে—যে মাস ক্ষমার মাস—আপনি আমাদের গুনাহ ক্ষমা না করেন, তবে আর কবে আমরা আমাদের আমলের খাতা পরিশুদ্ধ করার সুযোগ পাব, হে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা?

আমাদের ওপর আপনার করুণা বর্ষণ করুন, ইয়া আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা। আমাদের পিতা মাতার ওপর করুণা বর্ষন করুন, আমাদের সন্তান ও আমাদের পরিবারের ওপরেও। এই বিশ্বে যাঁরা আপনার ওপর বিশ্বাস স্থাপন করেছেন তাঁদের প্রত্যেকের ওপর এবং সকলের ওপর আপনি আপনার রহমত বর্ষণ করুন ইয়া আল্লাহ, ইয়া সুবহানাহু ওয়া তা'আলা।

رَبِّ اغْفِرْ وَارْحَمْ وَأَنْتَ خَيْرُ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنّا. اللَّهُمَّ إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنّا. اللَّهُمَّ إِنَّكَ عَفُوٌّ كَرِيمٌ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنّا يَا كَرِيمُ.

رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءَ. رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءَ. رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءَ.

أَقُوْلُ قَوْلِي هَذا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيْرًا كَما أَمَر، وَأَشْهَدُ أَن لا إِلَه إِلّا اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَه، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُه. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِه وَأَصْحَابِه أَجْمَعِين. أَما بَعْد، فَيا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعالَى فِيمَا أَمَر، وانتَهُوا عَمَّا نَهاكُم عَنْهُ وَزَجَر.

أَلا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتابِهِ العَزِيز: إِنَّ اللهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يا أَيُّها الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبارِكْ عَلَى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِين، وَتَابِعِي التَّابِعِين، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يا أَرْحَمَ الرَّاحِمِين.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلاءَ وَالوَبَاءَ وَالزَّلازِلَ وَالمِحَن، ما ظَهَرَ مِنْها وَما بَطَن، عَن بَلَدِنا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يا رَبَّ العَالَمِين. اللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنا المُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِي كُلِّ مَكانٍ عامَّة، يا أَرْحَمَ الرَّاحِمِين. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يا رَبَّ العَالَمِين. اللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلامَ وَالأَمْنَ وَالأَمانَ لِلعَالَمِ كُلِّهِ

وَللَّناسِ أَجْمَعِينَ. رَّبَنا آتِنا فِي الُّدنَيا حَسَنَةً، وِفِي الآَخِرَةِ حَسَنَةً، وِقنا عَذابَ الَّنارِ.

عِبادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسانِ وَإِيتاءِ ذِي الُقْرَبى، وَيَنْهى عَنِ الفَحْشاءِ وَالُمنكرِ وَالبْغِي، يَعِظُكْم لَعَّلُكْم تَذَّكُرونَ، فاذْكُروا اللهَ العَظِيمَ يَذْكُرْكْم، وَاشْكُروهُ عَلى نِعَمِهِ يَزِدْكُم، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلِذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ ما تَصْنَعُونَ.